

বিজ্ঞান বিষয়ক সেমিনার

আগরতলা, ১ ডিসেম্বর : আগামী পাঁচ থেকে সাত ডিসেম্বর ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের সহযোগিতায়, রাজ্যের বিভিন্ন কলেজের সায়েন্স ফোরাম-এর উদ্যোগে রাজ্যের বিভিন্ন স্থানে বিজ্ঞান বিষয়ক আলোচনার অংশ নেবেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্যামল চক্রবর্তী এবং বঙ্গীর বিজ্ঞান পরিষদের সম্পাদক তপন সাহা। এদিকে পাঁচ ডিসেম্বর ধর্মনগর কলেজের সায়েন্স ফোরামের উদ্যোগে ধর্মনগর বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী হলে সকাল নয়টা ত্রিশ মিনিটে বিজ্ঞান বিষয়ক আলোচনা হবে। অনুষ্ঠানে “বিজ্ঞান, সংস্কৃতি এবং রবীন্দ্রনাথ” শীর্ষক বক্তব্য রাখবেন অধ্যাপক শ্যামল চক্রবর্তী এবং “পরিবেশ ও সুস্থির উন্নয়ন” বিষয়ে বক্তব্য রাখবেন তপন সাহা। তাছাড়াও কৈলাসহরের রামকৃষ্ণ কলেজের সায়েন্স ফোরামের উদ্যোগে কৈলাসহর টাউন হলে ছয় ডিসেম্বর সকাল দশটায়। সাত ডিসেম্বর দুপুর বারটায় মহিলা কলেজে। আবার ওই দিনই বিকাল পাঁচটায় আগরতলা প্রেস ক্লাবে ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের সহযোগিতায় জ্ঞান বিচিত্রা ও বুক ওয়ার্ল্ড আয়োজন করবে বিজ্ঞান শিক্ষক/শিক্ষিকা, বিজ্ঞান ও সমাজকর্মী, কবি, সাহিত্যিক ও লেখকদের এক আড্ডার। বিষয়-বিজ্ঞান সংস্কার ও কুসংস্কার। এছাড়াও ২০১৪-এর জানুয়ারীর কুড়ি থেকে বাইশ তারিখে রাজ্যের বিভিন্ন স্থানে বিজ্ঞান বিষয়ক বক্তব্য রাখবেন বিশিষ্ট জ্যোতির্বিজ্ঞানী ও বিড়লা প্যানেটোরিয়ামের অধিকর্তা ডঃ দেবীপ্রসাদ দুয়ারী এবং বিশিষ্ট বিজ্ঞান প্রচারক ও এন সি এস এম-এর পূর্ব অধিকর্তা সমর বাগচী।